গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট
www.publiclibrary.lalmonirhat.gov.bd.

স্মারক নং-৪৩.২৬.৫২০০.০০১.২৩.০০১.১৮.**৬৮**

তারিখ : ০৭ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২৪ খ্রি:

# নোটিশ/বিজ্ঞপ্তি

বিষয় : ০৫ ফেব্রুয়ারি **"জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪"** উদযাপন উপলক্ষ্যে বইপাঠ, চিত্রাংকন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা।

আগামী ০৫ ফেব্রুয়ারি **"জাতীয় গ্রন্থাগার দিবস-২০২৪"** উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার লালমনিরহাট কর্তৃক নিম্নোক্ত বিষয়ে বইপাঠ, চিত্রাংকন, রচনা এবং উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। লালমনিরহাট জেলার বিভিন্ন স্কুল/কলেজের ছাত্রছাত্রীদের এবং সর্বসাধারণের জন্য যোগ্যতা অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

**ক. বইপাঠ প্রতিযোগিতা:**

| ক্রমিক নং | শ্রেণি/গ্রুপ | প্রতিযোগিতার স্থান ও সময় |
|---|---|---|
| ১। | উন্মুক্ত | বইপাঠ প্রতিযোগিতা আগামী ০৩/০২/২০২৪ খ্রি. তারিখে সকাল ১০.০০ টায় জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে অনুষ্ঠিত হবে। |

**খ. চিত্রাংকন প্রতিযোগিতা:**

| ক্রমিক নং | গ্রুপ | শ্রেণি | চিত্রাংকন প্রতিযোগিতা বিষয় | প্রতিযোগিতার স্থান ও সময় |
|---|---|---|---|---|
| ১। | ক | শিশু শ্রেণি-দ্বিতীয় শ্রেণি | উন্মুক্ত | চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ০৩/০২/২০২৪ খ্রি. তারিখে সকাল ১১.৩০ টায় জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে অনুষ্ঠিত হবে। |
| ২। | খ | তৃতীয় শ্রেণি-সপ্তম শ্রেণি | আমার প্রিয় গ্রন্থাগার | |

**গ. রচনা প্রতিযোগিতা:**

| ক্রমিক নং | শ্রেণি/গ্রুপ | রচনা প্রতিযোগিতা বিষয় | শব্দসীমা | প্রতিযোগিতার স্থান ও সময় |
|---|---|---|---|---|
| ১। | উন্মুক্ত | স্মার্ট নাগরিক গঠনে গ্রন্থাগারের ভূমিকা | ১০০০ | রচনা প্রতিযোগিতা আগামী ০৩/০২/২০২৪ খ্রি. তারিখে বেলা ৩.০০ টার মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে জমা দিতে হবে। |

**ঘ. উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা:**

| ক্রমিক নং | গ্রুপ | শ্রেণি | উপস্থিত বক্তৃতার বিষয় | প্রতিযোগিতার স্থান ও সময় |
|---|---|---|---|---|
| ১। | ক | অষ্টম- দ্বাদশ শ্রেণি | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা আগামী ০৩/০২/২০২৪ খ্রি. তারিখে দুপুর ২.৩০ টায় জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে অনুষ্ঠিত হবে। |
| ২। | খ | স্নাতক-স্নাতকত্তোর | তাৎক্ষণিক নির্ধারণ করা হবে | |

**শর্তাবলী :**

১। নির্ধারিত সময়ে জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে স্বশরীরে উপস্থিত হয়ে **বইপাঠ, চিত্রাংকন ও উপস্থিত আবৃত্তি** প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
২। রচনা স্বহস্তে A4 সাইজের সাদা কাগজের এক পাশে লিখতে হবে উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
৩। রচনায় ও চিত্রাংকনে অংশগ্রহণকারীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
৪। চিত্রাংকন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্ট পেপার সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জামাদি সংগে আনতে হবে।
৫। চিত্রাংকন ও বক্তৃতা প্রতিযোগিতা অংশগ্রহণের জন্য অবশ্যই স্কুলের পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
৬। রচনা সরাসরি/ডাকযোগে লাইব্রেরীয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাটে জমা দিতে হবে।
৭। বইপাঠ প্রতিযোগিতার মূল্যায়ন ফর্ম গ্রন্থাগার থেকে প্রতিযোগিতার শুরুর সময় সরবরাহ করা হবে।
৮। প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৭-৮৩৭৪০৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

২১/০১/২০২৪
(শ্রী উত্তম কুমার সরকার)
লাইব্রেরী সহকারী
জেলা সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট।